গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়
রাজবাড়ী
এস.এ. শাখা
www.rajbari.gov.bd

স্মারক নম্বর: ০৫.৩০.৮২০০.০২০.১১.০০২.২২. ১১৪৫

তারিখ : ১৭ কার্তিক ১৪৩০
02 নভেম্বর ২০২৩

## "নিয়োগ বিজ্ঞপ্তি"

ভূমি মন্ত্রণালয়ের, মাঠ প্রশাসন-১ অধিশাখা এর ১৬/০৬/২০২২ তারিখের ৩১.০০.০০০০.০৪৬.১১.০০৫.১৯.২০৭ নম্বর স্মারকের ছাড়পত্রের নির্দেশনা অনুযায়ী রাজবাড়ী জেলার রাজস্ব প্রশাসনের অধীনস্থ অফিসসমূহে নিম্নবর্ণিত শূন্য পদে অস্থায়ী ভিত্তিতে নিয়োগের মাধ্যমে পূরণের নিমিত্ত রাজবাড়ী জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট হতে নিম্নবর্ণিত শর্তে অনলাইনে (https://alljobs.teletalk.com.bd/dcrajbari বা http://dcrajbari.teletalk.com.bd ওয়েব সাইটে) নির্ধারিত সময়ের মধ্যে আবেদন আহবান করা যাচ্ছে। অনলাইন ব্যতীত অন্য কোন মাধ্যমে প্রেরিত আবেদন গ্রহণ করা হবে না।

| ক্রমিক নম্বর | পদের নাম | পদের সংখ্যা | গ্রেড ও বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী) | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ১ | ক্রেডিট চেকিং কাম সায়রাত সহকারী | ২ (দুই) টি | গ্রেড-১৬ ৯৩০০-২২৪৯০ | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে অন্যূন ২য় বিভাগ বা সমমানের জিপিএসহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা |
| ২ | সার্টিফিকেট সহকারী | ৩ (তিন) টি | গ্রেড-১৬ ৯৩০০-২২৪৯০ | |
| ৩ | অফিস সহায়ক | ২২ (বাইশ) টি | গ্রেড-২০ ৮২৫০-২০০১০ | কোন স্বীকৃত বোর্ড হতে অন্যূন ২য় বিভাগ বা সমমানের জিপিএসহ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ |
| ৪ | নিরাপত্তা প্রহরী | ১ (এক) টি | গ্রেড-২০ ৮২৫০-২০০১০ | |

আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তাবলী অবশ্যই অনুসরণ করতে হবে:

১। আবেদন শুরুর (১২/১১/২০২৩) তারিখে প্রার্থীর বয়স ন্যূনতম ১৮ বছর এবং প্রার্থীর সর্বোচ্চ বয়সসীমা:

- ক) সকল প্রার্থীর (বীর মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা এবং শারীরিক প্রতিবন্ধী ব্যতীত) ক্ষেত্রে ৩০ বছর।
- খ) বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র/কন্যা এবং শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে ৩২ বছর।
- গ) বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যার সন্তানাদির ক্ষেত্রে ৩০ বছর।
- ঘ) বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

২। এই নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত পদ পূরণে ভূমি মন্ত্রণালয়ের মাঠ পর্যায়ের কর্মকর্তা-কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০২১ অনুসরণ করা হবে।

৩। সরকারি, আধা সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনাপত্তিপত্র দাখিল সাপেক্ষে আবেদন করতে হবে।

৪। নিয়োগের জন্য প্রার্থী নির্বাচনের ক্ষেত্রে নিয়োগ বিধিমতে লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষা অনুষ্ঠিত হবে। কেবল লিখিত পরীক্ষাসহ ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য বিবেচিত হবেন।

৫। চাকরির জন্য আবেদন আগামী ১২/১১/২০২৩ তারিখ সকাল ১০.০০ টা হতে ১১/১২/২০২৩ তারিখ বিকাল ৪.০০ টা পর্যন্ত অনলাইনে দাখিল করা যাবে। সরাসরি/ডাকযোগে কোন দরখাস্ত গ্রহণ করা হবে না। সরাসরি বা ডাকযোগে প্রেরিত সকল দরখাস্ত বাতিল মর্মে গণ্য হবে।

৬। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় সকল সনদ/অনাপত্তিপত্র/কাগজপত্রাদির মূলকপি প্রদর্শনপূর্বক প্রতিটির ১টি করে সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে। দাখিল/উপস্থাপনযোগ্য কাগজপত্রের তালিকা নিম্নরূপ:

- ক) সকল সনদ/প্রত্যয়ন/অনাপত্তিপত্র; (প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক নামযুক্ত সিল দ্বারা সত্যায়ন করতে হবে);

খ) রাজবাড়ী জেলার স্থায়ী বাসিন্দা হিসেবে পৌরসভার মেয়র/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত অনলাইন নাগরিকত্ব সনদ;

গ) জাতীয় পরিচয়পত্র/অনলাইন জন্মনিবন্ধন সনদ;

ঘ) চাকরিরত প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ প্রদত্ত অনাপত্তিপত্র;

ঙ) মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারী (বীর মুক্তিযোদ্ধা ও শহীদ বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা এবং বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যাগণের পুত্র-কন্যা) প্রার্থীদের ক্ষেত্রে সরকারের সর্বশেষ নীতিমালা অনুযায়ী মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত মুক্তিযোদ্ধা সনদপত্র/অন্যান্য প্রমাণপত্র;

(চ) আবেদনকারী বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা এবং বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যাগণের পুত্র-কন্যা হলে আবেদনের সাথে সম্পর্ক উল্লেখপূর্বক ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা অথবা সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান বা পৌরসভার মেয়র কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র এবং;

ছ) আনসার, ভিডিপি, এতিম, প্রতিবন্ধী, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী প্রভৃতি কোটার স্বপক্ষে উপযুক্ত প্রমাণপত্র।

৭। নিয়োগের জন্য বাছাইকৃত প্রার্থীকে চূড়ান্ত নিয়োগ প্রদানের পূর্বে প্রার্থীর চারিত্রিক প্রতিপাদন সম্পাদন করা হবে।

৮। প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা, ভুল বা ভুয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে দরখাস্ত/নিয়োগ বাতিল বলে গণ্য হবে এবং সংশ্লিষ্ট ব্যক্তির বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

৯। যদি কোন প্রার্থী বাংলাদেশের নাগরিক না হন কিংবা বাংলাদেশের নাগরিক নন এমন কোন ব্যক্তিকে বিয়ে করেন বা বিয়ে করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন কিংবা কোন ফৌজদারী আদালত কর্তৃক নৈতিক স্খলনজনিত অভিযোগে দণ্ডিত হন কিংবা কোন সরকারি বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান বা স্থানীয় কর্তৃপক্ষের চাকরি হতে বরখাস্ত হয়ে থাকেন, তবে তিনি আবেদন করার জন্য যোগ্য বিবেচিত হবেন না।

১০। **অনলাইনে আবেদন পুরণ সংক্রান্ত নিয়মাবলী ও শর্তাবলী:**

(ক) পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তি http://dcrajbari.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

I ) Online-এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ১২ নভেম্বর ২০২৩; সকাল ১০.০০ টা

II ) Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ১১ ডিসেম্বর ২০২৩; বিকাল ৪.০০ টা

উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে Teletalk pre-paid মোবাইল নম্বর হতে SMS এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

(খ) Online আবেদনপত্রে প্রার্থী তার স্বাক্ষর (দৈর্ঘ্য 300× প্রস্থ 80 pixel) এবং রঙিন ছবি (দৈর্ঘ্য 300× প্রস্থ 300 pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ 100 kb এবং স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60 kb হবে।

(গ) Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে নিশ্চিত হবেন।

(ঘ) প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙিন প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।

(ঙ) SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান: Online এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। যদি Applicant's copy তে কোন তথ্য ভুল থাকে বা অস্পষ্ট ছবি (সম্পূর্ণ কালো/সম্পূর্ণ সাদা/ঘোলা) বা ছবি/স্বাক্ষর সঠিক না থাকে তাহলে পুনরায় আবেদন করতে পারবেন। তবে আবেদন ফি জমাদানের পরে আর কোন পরিবর্তন/পরিমার্জন/পরিবর্ধন গ্রহণযোগ্য নয় বিধায় আবেদন ফি জমাদানের পূর্বে প্রার্থী অবশ্যই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে নিজে শতভাগ নিশ্চিত হবেন।

Applicant's copy তে তার সাম্প্রতিক তোলা রঙিন ছবি, নির্ভুল তথ্য ও স্বাক্ষর সংযুক্ত থাকা ও এর সঠিকতার বিষয়টি PDF copy ডাউনলোডপূর্বক নিশ্চিত করে রঙ্গিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। উক্ত Applicant's copy কপি প্রার্থী Download পূর্বক প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's copy-তে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid মোবাইল নম্বরের মাধ্যমে ২ (দুটি) SMS করে আবেদন ফি বাবদ ক্রমিক নম্বর ১ হতে ২ পর্যন্ত ২০০/- (দুইশত) টাকা, Teletalk এর সার্ভিস চার্জ বাবদ ২৩ (তেইশ) টাকাসহ অফেরতযোগ্য মোট ২২৩ (দুইশত তেইশ) টাকা এবং ক্রমিক নম্বর ৩ হতে ৪ পর্যন্ত ১০০/- (একশত) টাকা, Teletalk এর সার্ভিস চার্জ বাবদ ১২/- (বারো) টাকাসহ অফেরতযোগ্য মোট ১১২/- (একশত বারো) টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে জমা দিবেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, "Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না"।

প্রথম SMS: DCRAJBARI<space>User Id লিখে 16222 নম্বরে send করতে হবে ।

Example: DCRAJBARI ABCDEF

Reply: Applicant's Name Tk. 223/- বা 112/- Will be Charged as application fee,Your PIN is XXXXXXXX To pay fee Type DCRAJBARI<space> yes<space>PIN and sent to 16222.

দ্বিতীয় SMS: DCRAJBARI<space>Yes<space>PIN লিখে 16222 নম্বরে send করতে হবে।

Example: DCRAJBARI Yes 12345678

Reply:Congratulations! (Applicant's Name), payment completed successfully for DCRAJBARI Application for (post name) User ID is (ABCDEF) and password (xxxxxxxx). বিশেষভাবে উল্লেখ্য, Online এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।

(চ) প্রবেশপত্র সংগ্রহের নোটিশ http://dcrajbari.teletalk.com.bd এবং জেলা প্রশাসকের কার্যালয়, রাজবাড়ীর ওয়েবসাইট www.rajbari.gov.bd এ পাওয়া যাবে। এছাড়া প্রবেশপত্র সংগ্রহ সংক্রান্ত SMS শুধুমাত্র যোগ্য প্রার্থীদের মোবাইল ফোন নম্বরে প্রেরণ করা হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোন নম্বরে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় বিষয়ে যোগাযোগ করা হবে বিধায় উক্ত মোবাইল ফোন নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা যথাযথভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

(ছ) SMS-এ প্রেরিত User ID এবং password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থান/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক প্রিন্ট (সম্ভব হলে রঙিন) করে নিবেন। প্রার্থী প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময় এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করবেন।

(জ) শুধুমাত্র Teletalk pre-paid মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং password পুনরুদ্ধার করতে পারবেন।

I) User ID জানা থাকলে: DCRAJBARI<space>Help<space> User <space>User ID & send to16222
Example: DCRAJBARI Help User ABCDEF

II) PIN Number জানা থাকলে: DCRAJBARI<space>Help<space> PIN<space>PIN Number & send to16222
Example: DCRAJBARI Help PIN 12345678

(ঝ) অনলাইনে আবেদন এবং টাকা জমার কাজটি প্রার্থী নিজে করবেন। এক্ষেত্রে অন্য কোন মাধ্যম থেকে উক্ত কাজটি সম্পন্ন করে প্রার্থী প্রতারিত হলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

চলমান পাতা/৪

(ঞ) Online-এ আবেদন করতে কোন সমস্যা হলে যে কোন টেলিটক নম্বর থেকে 121 নম্বর অথবা alljobs.query@ teletalk.com.bd বা dcrajbari@mopa.gov.bd ই-মেইলে যোগাযোগ করা যাবে। এছাড়া টেলিটকের জবপোর্টালের ফেসবুক পেজ https://www.facebook.com/alljobsbdTeletalk এ মেসেজ এর মাধ্যমে যোগাযোগ করা যাবে। (Mail এর Subject-এ Organization Name: DCRAJBARI, Post Name: *****, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে)।

(ট) ডিক্লারেশন: প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রের প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে বা কোন প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে এমনকি নিয়োগের পরে যে কোন পর্যায়ে প্রার্থিতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

১১। অসত্য/ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য নিয়োগ কার্যক্রমের যে কোন পর্যায়ে বা নিয়োগদানের পরেও অসত্য/ত্রুটিপূর্ণ/ভূয়া প্রমাণিত হলে তার দরখাস্ত/নির্বাচন/নিয়োগ সরসরি বাতিল বলে গণ্য হবে।

১২। বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও QR Code স্ক্যানের মাধ্যমে বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জব পোর্টাল https://alljobs.teletalk.com.bd/dcrajbari ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করে পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য http://rajbari.gov.bd ওয়েবসাইট হতে জানা যাবে।

১৩। পরীক্ষায় অংশগ্রহণের জন্য আবেদনকারীকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৪। বিজ্ঞাপনে উল্লিখিত পদে চূড়ান্ত সুপারিশ প্রণয়নের ক্ষেত্রে কোটা সংক্রান্ত সরকারের সর্বশেষ বিধি-বিধান অনুসরণ করা হবে।

১৫। আবেদন গ্রহণ ও বাতিল করার ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১৬। নিয়োগকারী কর্তৃপক্ষ বিজ্ঞপ্তিতে উল্লিখিত কোন শর্ত বা অনুচ্ছেদ সংশোধন/পরিবর্তন/পরিমার্জন বা বিজ্ঞপ্তি বাতিল করার অধিকার সংরক্ষণ করে।

আবু কায়সার খান
জেলা প্রশাসক
রাজবাড়ী
ফোন: ০২৪৭৮৮০৭৫৩৩
ই-মেইল: dcrajbari@mopa.gov.bd